Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 29 June, 2025

দ্বিতীয় দিনের মতো জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এ চলছে শাটডাউন কর্মসূচি।শনিবারের মতো আজ রবিবারও রাজধানীসহ সারা দেশে শুল্ক ও কর দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা পূর্ণদিবস কর্মবিরতি পালন করছেন।

রাজধানীর আগারগাঁওয়ে এনবিআর প্রধান কার্যালয়ের সামনে সকাল সাড়ে ১০টা পর্যন্ত আন্দোলনকারীদের উপস্থিতি কিছুটা কম দেখা গেছে।তবে প্রধান ফটকে প্রবেশের ক্ষেত্রে আজ শিথিলতা ছিল।পরিচয়পত্র দেখিয়ে কর্মকর্তাদের ভবনে প্রবেশ করতে দেখা যায়।

এদিকে এনবিআর ভবনের আশপাশে র‍্যাব, পুলিশ, কোস্টগার্ড, বিজিবি ও আনসার সদস্যরা আগের দিনের মতোই মোতায়েন থাকলেও তাঁদের সংখ্যা কিছুটা কম ছিল।

এক পুলিশ কর্মকর্তা জানান,

“সকাল ১০টা পর্যন্ত কর্মকর্তাদের প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে।অফিস সময় সকাল ৯টা হলেও এখনো কেউ কেউ আসছেন।”

এনবিআর কর্মকর্তা-কর্মচারীদের সংগঠন এনবিআর সংস্কার ঐক্য পরিষদ জানিয়েছে, আজও ‘শাটডাউন’ ও ‘মার্চ টু এনবিআর’ কর্মসূচি চলবে।

সংগঠনের নেতারা বলছেন,

“বেলা বাড়ার সঙ্গে সঙ্গে ঢাকা ও দেশের বিভিন্ন জেলা থেকে আরও কর্মকর্তারা এই

আন্দোলনে যোগ দেবেন।”

এর প্রভাব ইতোমধ্যেই চট্টগ্রাম বন্দর, বেনাপোল বন্দর, ঢাকা কাস্টম হাউসসহ দেশের গুরুত্বপূর্ণ কাস্টমস স্টেশনগুলোতে পড়েছে।গতকালও এসব স্থানে কার্যক্রম বন্ধ থাকায় রাজস্ব আদায় কার্যত বন্ধ ছিল।

আন্দোলনকারীরা সরকারের সঙ্গে আলোচনার আগ্রহ প্রকাশ করলেও শর্ত হিসেবে এনবিআর চেয়ারম্যানের অপসারণ দাবি করেছেন।তাঁদের অভিযোগ,

“বর্তমান চেয়ারম্যান চলমান সংস্কারে কর্মকর্তা-কর্মচারীদের মতামত উপেক্ষা করছেন এবং আন্দোলন দমন-নিপীড়ন করছেন।”

এনবিআরের চলমান অচলাবস্থায় রাজস্ব প্রশাসনের স্বাভাবিক কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে, যা জাতীয় রাজস্ব আদায়ে বড় ধাক্কা হয়ে দাঁড়াতে পারে বলে আশঙ্কা করছেন বিশ্লেষকরা।

জাতীয় রাজস্ব বোর্ড শাটডাউন কর্মসূচি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 22:20

URL: https://www.timestodaybd.com/economy/9200653882